




## চা উৎপাদনে ফ্রনিং, টিপিং ও প্লাকিং

একটি পূর্ণ বয়স্ক চা গাছ হতে চা উৎপাদনে ফ্রনিং, টিপিং ও প্লাকিং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে যা পরবর্তীতে চায়ের মান এবং ফলনে ব্যাপক প্রভাব ফেলে; উপরোক্ত তিনটি কৃষিতাত্ত্বিক পরিচর্যা প্রায় একই সূত্রে গাঁথা।

**ফ্রনিং বা ছাঁটাইকরণ:** অপরিণত চা গাছের ছাঁটাইয়ের উদ্দেশ্য হল গাছটিকে রোপাকৃত করা। যদি চা গাছ এপ্রিল/মে মাসে রোপণ করা হয় তবে পরের বৎসর জানুয়ারি মাসের শেষে অথবা ফেব্রুয়ারি মাসে ১ম সপ্তাহে ছাঁটাই করতে হবে। বিভিন্ন পদ্ধতিতে অপরিণত চা গাছ ছাঁটাই করা হয়, যেমন- মধ্যকাণ্ডচ্ছেদন, ভঙ্গন, বক্রন/বাহুবন্ধকরণ ইত্যাদি।



চিত্রঃ প্রথম বৎসরে বাচ্চা চা চারা ফ্রনিং এর বিভিন্ন পদ্ধতি।

**পরিণত চা গাছ ছাঁটাই:** পরিণত চা গাছ ছাঁটাই এর উদ্দেশ্য হল ফলনকালে গাছকে সবসময় সজীব, পত্রময় এবং সীমিত উচ্চতায় রাখা। অবস্থাভেদে চা গাছের ছাঁটাই চক্র ত্রিবার্ষিক অথবা চতুর্বার্ষিক হতে পারে।

ত্রিবার্ষিক চক্র = লাইট ফ্রনিং → লাইট স্কীফ → ডীপ স্কীফ  
চতুর্বার্ষিক চক্র = লাইট ফ্রনিং → ডীপ স্কীফ → মিডিয়াম স্কীফ → লাইট স্কীফ

প্রাপ্ত বয়স্ক চা গাছের ফ্রনিং প্রকারভেদ, ফ্রনিং করার উপযুক্ত সময়, ফ্রনিং ও টিপিং উচ্চতা

ফ্রনিং টাইপ	ফ্রনিং এর উপযুক্ত সময়	ফ্রনিং উচ্চতা (ইঞ্চি)	টিপিং উচ্চতা (ইঞ্চি)
এল পি	ডিসেম্বরের ১ম সপ্তাহ থেকে ডিসেম্বর শেষ সপ্তাহ	২০-২৮	৬.০-৮.০
ডি এস কে	জানুয়ারির ১ম সপ্তাহ থেকে জানুয়ারির শেষ সপ্তাহ	২৪-৩২	৩.০-৪.০
এম এস কে	জানুয়ারির মাঝামাঝি থেকে ফেব্রুয়ারির ১ম সপ্তাহ	২৬-৩৪	১.৫-২.০
এল এস কে	জানুয়ারির শেষ সপ্তাহ থেকে ফেব্রুয়ারি পুরো মাস	২৭-৩৫	০.৫-১.০
মিডিয়াম ফ্রনিং (এমপি)	ডিসেম্বরের ১ম সপ্তাহ থেকে ডিসেম্বর শেষ সপ্তাহ	১৮-২৪	১০.০-১২.০



চিত্রঃ প্রাপ্ত বয়স্ক চা গাছের বিভিন্ন ধরনের ফ্রনিং পদ্ধতি।

**টিপিং:** ফ্রনিং পরবর্তী ফ্রনিং ডাল হতে গজানো নতুন কচি ডগাগুলো মৌসুমের শুরুতে নির্দিষ্ট উচ্চতায় ভেঙ্গে নেয়ার টিপিং বলে। ফ্রনিং টাইপ অনুযায়ী টিপিং উচ্চতা ভিন্ন হয়।

**প্লাকিং:** একাধিকবার টিপিং করে, প্লাকিং টেবিল তৈরীর পর নির্দিষ্ট সময় পর পর চা পাতা আহরণ / উত্তোলন করাকেই প্লাকিং বা পাতা চয়ন বলে। সাধারণত ৭-৮ দিন পর পর চা পাতা চয়ন করতে হয়। বৈজ্ঞানিক গবেষণায় দেখা গেছে, চা গাছের স্বাভাবিক বৃদ্ধি ও সর্বোচ্চ উৎপাদন পাওয়ার জন্য মেইনটিনেন্স লিফের লেয়ার ২০ সেমি. (৮ ইঞ্চি) হতে হবে।



চিত্রঃ ম্যানুয়াল বা মেশিন পদ্ধতিতে চা পাতা চয়নের কৌশল।

বাংলাদেশের চা আবাদীতে ভরা মৌসুমে ৭ দিনের প্লাকিং রাউন্ডকে আদর্শ প্লাকিং রাউন্ড ধরা হয়ে থাকে। প্লাকিং রাউন্ড নিয়ন্ত্রনে রাখা গেলে বৎসরে গড়ে ৩২-৩৬ প্লাকিং রাউন্ড পাতা চয়ন / প্লাকিং করা যায়। প্লাকিং রাউন্ড ১০ দিনের অধিক হলে উৎপাদন ও পাতার গুণগত মান উভয়ই হ্রাস পায়। ভাল পাতায় ভাল চা হয়। ভাল চা নিলামে বেশি দরে বিক্রয় হয়। এতে চা চাষি ও কারখানার মালিক উভয়েই লাভবান হয়।



ইম্পেরিয়াল প্রাক  
১টি পাতা + ১টি কুঁড়ি  
ফাইন প্রাক  
২টি পাতা + ১টি কুঁড়ি  
কোর্স প্রাক  
৩ এর অধিক পাতা + ১টি কুঁড়ি

চিত্রঃ বিভিন্ন ধরনের চা পাতা চয়নের কৌশল।

বিটিআরআই কর্তৃক নির্ধারিত বলোমিটার পদ্ধতিতে আদর্শ পাতা চয়নের মান নিয়ন্ত্রণের নিমিত্তে সবুজ পাতার বিশ্লেষণ নিম্নরূপঃ

সবুজ পাতার বিবরণ	সবুজ পাতার বিশ্লেষণ (%)	আদর্শ মিশ্রণের পরিমাণ
একটি নরম পাতা ও একটি কুঁড়ি	৫%	৭০%
দুইটি পাতা ও একটি কুঁড়ি	৫৫%	
নরম বাঞ্জি	১০%	৩০%
তিনটি পাতা ও একটি কুঁড়ি	১৫%	
শক্ত বাঞ্জি	৫%	
শক্ত পাতা	১০%	১০০%
মোট	১০০%	

জরুরী প্রয়োজনে যোগাযোগঃ

ড. মোহাম্মদ শামীম আল মামুন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক নর্দান বাংলাদেশ প্রকল্প বাংলাদেশ চা বোর্ড, পঞ্চগড়। বাংলাদেশ চা বোর্ড, মোবাইলঃ ০১৭১২১৯৮৪৩	জনাব মোঃ আমির হোসেন উন্নয়ন কর্মকর্তা নর্দান বাংলাদেশ প্রকল্প বাংলাদেশ চা বোর্ড, পঞ্চগড়। মোবাইলঃ ০১৭১৫০৭৭৯২	জনাব মোহাম্মদ ছায়েদুল হক সহকারী খামার তত্ত্বাবধায়ক নর্দান বাংলাদেশ প্রকল্প বাংলাদেশ চা বোর্ড ঠাকুরগাঁও ও দিনাজপুর। মোবাইলঃ ০১৭৩৯০৭২১২	জনাব মোঃ জায়েদ ইমাম সিদ্দিকী উর্ধ্বতন খামার সহকারী নর্দান বাংলাদেশ প্রকল্প বাংলাদেশ চা বোর্ড, নীলফামারী। মোবাইলঃ ০১৭৩৬০৩৬০৬৫
--	--	--	---

প্রকাশনাঃ নর্দান বাংলাদেশ প্রকল্প, বাংলাদেশ চা বোর্ড, পঞ্চগড়।